

## সেবা প্রদানের পদ্ধতি বা কৌশলঃ

- ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে জেলা ফোকাল পয়েন্টকে সহযোগীতা প্রদান
- ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র সমূহের কার্যক্রম পরিদর্শন ও তদারকির মাধ্যমে জনগনের আধুনিক তথ্য প্রযুক্তির সেবাপ্রাপ্তি নিশ্চিত করা
- জনমত প্রতিবেদন তৈরি
- ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনী
- উদ্বুদ্ধকরণ লোকসংগীত অনুষ্ঠান; সেমিনার, আলোচনা সভা
- খন্ড সমাবেশ, উঠান বৈঠক ; নারী ও শিশু কিশোর মেলা; কমিউনিটি সভা; মহিলা সমাবেশ
- কথামালা প্রচার (মাইকিং)
- শব্দযন্ত্র স্থাপন
- অশ্লীলতা বন্ধে সিনেমা হল পরিদর্শন ও ব্যবস্থা গ্রহন ইত্যাদি

## জনগন কিভাবে উপকৃত হয়ঃ

জনগণের জীবনমান উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিষয়, যেমন শিক্ষা ,স্বাস্থ্য ও উন্নয়ন সম্পর্কে অধিদপ্তরের প্রচার কৌশল অবলম্বনের মাধ্যমে অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের দক্ষ কর্মচারীবৃন্দ তৃণমূল পর্যায়ে জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করেন। এর মাধ্যমে সাধারণ মানুষ জীবনমান উন্নয়নের শিক্ষা লাভ করে থাকেন । এছাড়া ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রসমূহ পরিদর্শন, পরামর্শ ও সহায়তা প্রদান এবং জনগনকে সচেতন করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গঠনে জনগনকে উদ্বুদ্ধ করা ও তাদের সম্পৃক্ততা নিশ্চিত করা হয় ।

## কিভাবে সেবা পাওয়া যায়ঃ

গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি, গণ্যমাণ্য ব্যক্তিবর্গ, শিক্ষক, ধর্মীয় নেতা ও কমিউনিটি লিডারদের অন্তর্ভুক্ত করা হয়। স্থানীয় প্রতিনিধির মাধ্যমে অথবা সরাসরি গণযোগাযোগ অধিদপ্তর বা জেলা তথ্য অফিসসমূহে যোগাযোগ করে সাধারণ মানুষ সেবা গ্রহণ করতে পারেন ।

সেবা গ্রহণের ক্ষেত্রে যোগাযোগের ঠিকানাঃ

মহাপরিচালক গণযোগাযোগ অধিদপ্তর ফোন - ৯৩৪৭০০৫	তথ্য ও ডকুমেন্টেশন অফিসার গণযোগাযোগ অধিদপ্তর ফোন - ৯৩৬১৩৫৮	জেলা তথ্য অফিস, নড়াইল ফোন ও ফ্যাক্স: ০৪৮১-৬২৪১৮ ই-মেইল:dionarail@gmail.com
---	---	---

জনগণকে প্রকৃত অর্থে সেবা প্রদান করাই জনকল্যানমুখী প্রতিটি সরকারের অন্যতম দায়িত্ব। ডিজিটাল বাংলাদেশ গঠনে গৃহীত সরকারের সকল কর্মসূচীতে জনগণের সম্পৃক্ততা নিশ্চিত করলে জেলা তথ্য অফিস সর্বাঙ্গিক সহযোগীতা প্রদান করে থাকে। আপনার এলাকায় গণসচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশ এবং দেশের মানুষের জীবনমান উন্নয়নে জেলা তথ্য অফিসের সাহায্য নিন। আপনার এগিয়ে আসা এবং সহযোগিতার মনোভাব গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসসমূহের সেবা কার্যক্রমকে আরো জোরদার ও সুসংহত করবে।